বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়

৩০ জানুয়ারি ॥ ২০২৬

**পঞ্চম কার্যনির্বাহী পরিষদের (২০২৬-২৭) প্রথম সভার কার্যবিবরণী**

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পঞ্চম কার্যনির্বাহী পরিষদের প্রথম সভা ৩০ জানুয়ারি ২০২৬, বৃহস্পতিবার বেলা ০৫-০০টায় আশ্রয় সেন্টার, বায়া, রাজশাহীতে অনুষ্ঠিত হয়। সভাটি যৌথসভা হিসেবে অনুষ্ঠিত হয়। বাংলা বিভাগ অ্যালামানাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতি শহীদ ইকবালের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সাধারণ সম্পাদক মোহাম্মদ মাহবুব আলম সভা সঞ্চালনা করেন। সভায় ২০২৩-২০২৫ এবং ২০২৬-২০২৭ কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ ছাড়াও উপদেষ্টা পরিষদের সদস্য ও বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিলের আহ্বায়ক কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। (উপস্থিতি: সংযুক্তি-১)

১। **পঞ্চম কার্যনির্বাহী পরিষদের (২০২৬-২০২৭) আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ**

সভার শুরুতে পঞ্চম কার্যনির্বাহী পরিষদের আনুষ্ঠানিক দায়িত্ব গ্রহণ বিষয়ে বাংলা বিভাগ অ্যালামানাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি, চতুর্থ কার্যনির্বাহী পরিষদের (২০২৩-২০২৫) সাধারণ সম্পাদক, ট্রেজারার, ঢাকা বিভাগের সভাপতি সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এরপর বিগত কার্যনির্বাহী পরিষদের ট্রেজারার পঞ্চম কার্যনির্বাহী পরিষদের কাছে আনুষ্ঠানিকভাবে নথিপত্র ও দায়িত্ব হস্তান্তর করেন। আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণের পর পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু হয়।

২। **পঞ্চম সম্মিলন ও সাধারণ সভা পর্যালোচনা ও সিদ্ধান্ত:**

পঞ্চম সম্মিলন ও সাধারণ সভা পর্যালোচনায় উপস্থিত কার্যনির্বাহী পরিষদের বেশ কয়েকজন সদস্য বক্তব্য রাখেন। সদস্যগণ পঞ্চম সম্মিলন ও সাধারণ সভার সার্বিক আয়োজনে সন্তোষ প্রকাশ করেন, বিশেষ করে কিটস বিতরণ কার্যক্রম সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় ও উপহার সামগ্রী মানসম্মত হওয়ায় প্রসংশা করেন। সম্মিলন খরচে ভর্তুকি কমাতে নিবন্ধন ফি বাড়ানোর পরামর্শ দেন। খাদ্য ব্যবস্থাপনা আরও সুন্দর করার জন্য উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন এবং ভবিষ্যতে খাবার পরিবেশনা ও খাবারের টোকেন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যাপারে সবাই তাগিদ দেন, একই সাথে সদস্যগণকে আরও সহনশীল ও ধৈর্যশীল হতে অনুরোধ করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশীয় সংস্কৃতিকে উপস্থাপনে গুরুত্ব আরোপ করেন এবং অনুষ্ঠান আরও সুচারুভাবে পরিচালনার প্রতি খেয়াল রাখতে হবে।

**সিদ্ধান্ত:** ভবিষ্যতে পর্যালোচিত সকল বিষয়ে সুপরিকল্পিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। **পঞ্চম সম্মিলন ২০২৫ এর আয়-ব্যয় উপস্থাপন ও সিদ্ধান্ত:**

৫ম সম্মিলন ও সাধারণ সভা ২০২৫ এর আয় ও ব্যয়:

**মোট আয়**- সম্মিলন নিবন্ধন আয়: ৭৬৩,১৯৩.২৪+ বিজ্ঞাপন থেকে মোট আয়: ২৪২,৪৩৪.০০ (এসিআই এগ্রো ও সোনালী ব্যাংক বিজ্ঞাপন বিল প্রাপ্তিব্য এবং এসিআই এগ্রো ভ্যাট ও ট্যাক্স কর্তন না করে)+ মনোনয়ন ও অনুদান থেকে মোট আয়: ১৭৫,৮০০.০০+ ব্যাংক থেকে প্রাপ্ত অর্থ: ২৩৭,৬৪১.৪৭=১,৪১৯,০৬৮.৭১/-

**মোট ব্যয়**- সম্মিলন ব্যয়: ১,২৩২,১৯০.০০+ অন্যান্য ব্যয়: ১৭২,২৬৬.০০ (কলাবিদ পুরস্কার, অ্যালামনাই মেধাবৃত্তি, ক্রেস্ট, কলাবিদ মানপত্র ডিজাইন, লেখা ও বাঁধাই, ওয়েবসাইট আধুনিকায়ন, ওয়েবসাইট হোস্টিং রিনিউ)=১,৪০৪,৪৫৬.০০/-

উদ্বৃত্ত: ১৪,৬১২.৭১/- (এসিআই ও সোনালী ব্যাংকের বিজ্ঞাপন বিল পেলে সকল পাওনাদি পরিশোধ করার পর এই টাকা উদ্বৃত্ত থাকবে যদি এসিআই এগ্রো ভ্যাট ও ট্যাক্স কর্তন না করে)

**সিদ্ধান্ত:** সভায় সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যয়ের পর্যবেক্ষণসহ সর্বসম্মতিক্রমে পঞ্চম সম্মিলন ২০২৫ এর আয়-ব্যয় অনুমোদন দেওয়া হয়।

**৪। সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ**

**সিদ্ধান্তঃ** সভায় উপস্থাপিত সাধারণ সভার কার্যবিবরণী সিদ্ধান্তসমূহ ক্রমিক নম্বর দিয়ে বিন্যস্তকরণ সাপেক্ষে সর্বসম্মতিক্রমে পাশ হয়।

**৫। গঠনতন্ত্র অনুযায়ী উপদেষ্টা পরিষদ গঠন**

**সিদ্ধান্তঃ** গঠনতন্ত্রের ৭ অনুচ্ছেদ অনুযায়ী উপদেষ্টা পরিষদ গঠিত হয়। উপস্থিত কার্যনির্বাহী সদস্যদের মতামতের ওপর ভিত্তি করে চৌধুরী জুলফিকার মতিনকে প্রধান উপদেষ্টা করে ৭ সদস্যের উপদেষ্টা গঠিত হয়। উপদেষ্টা পরিষদের অন্যান্য সদস্যগণ যথাক্রমে- আব্দুল আজিজ, এ. এ. এম. হাসিবুল ইসলাম, ড. মোহাম্মদ জয়নুদ্দীন, মাহমুদ হাসান, সালেহা সরকার মল্লিকা ও হাবিবুর রহমান হাবু। অনতিবিলম্বে চিঠির মাধ্যমে বিষয়টি মনোনীত উপদেষ্টাগণকে অবহিত করে সম্মতি গ্রহণের সিদ্ধান্ত হয়।

**৬। গঠনতন্ত্র অনুযায়ী ব্যাংক হিসাব পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ**

**সিদ্ধান্তঃ** গঠনতন্ত্রের ৯ অনুচ্ছেদের (ক) অনুযায়ী সভাপতি ও সাধারণ সম্পাদক এবং ট্রেজারার ও সহকারী ট্রেজারের মধ্যে যেকোনো দু'জনের স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে , তবে ট্রেজারার/সহকারী ট্রেজারের স্বাক্ষর হবে আবশ্যিক।

**৭। দ্বি-বার্ষিক কর্মপরিকল্পনা উপস্থাপন ও নির্ধারণ**

**আলোচনাঃ** সভায় সদস্যগণ মৌখিকভাবে এবং লিখিতভাবে কর্মপরিকল্পনা উপস্থাপন করেন এবং সভাপতি মহোদয় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কিছু সুনির্দ্দিষ্ট পরিকল্পনা উপস্থাপন করেন।

**সদস্যগণের উল্লেখযোগ্য পরিকল্পনা ও প্রস্তাবনাঃ**

- সদস্যদের মধ্যে যোগাযোগ বৃদ্ধি ও অ্যালামনাইয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজশাহীতে একটি অফিস স্থাপন
- অ্যালামনাইয়ের পক্ষ থেকে বর্তমান শিক্ষার্থীদের ক্যারিয়ার বিষয়ক কর্মশালা নিয়মিত আয়োজন করা
- সদস্য বৃদ্ধির লক্ষ্যে ব্যাচভিত্তিক ও জেলাভিত্তিক কমিটি/প্রতিনিধি গঠন। যে ব্যাচ থেকে সদস্য কম সেই ব্যাচ খুঁজে বের করে তাদের সাথে যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে সদস্য বৃদ্ধি করা
- প্রতিবছর ম্যাগাজিন, স্মরণিকা, লিটল ম্যাগাজিন প্রকাশ করা
- বিভাগীয় কমিটিগুলো সক্রিয় করে আন্তঃ বিভাগীয় সম্পর্ক বৃদ্ধি করে সংগঠনকে শক্তিশালী করা
- দ্বি-বার্ষিক সম্মিলন ডিসেম্বরের পরিবর্তে জানুয়ারি থেকে মার্চের মধ্যে আয়োজনের পদক্ষেপ নেওয়া
- বর্তমান শিক্ষার্থীদের সৃজনশীল কাজে অর্থাৎ গল্প, কবিতা, উপন্যাস তথা সাহিত্য চর্চার বিকাশে সহায়তা করা
- বর্তমান শিক্ষার্থী ও অ্যালামনাসদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বৃদ্ধি করা

**সভাপতি মহোদয়ের কর্মপরিকল্পনাঃ**

বিভাগভিত্তিক-

- অ্যালামনাই ওয়েব পেইজে বাংলা বিভাগের জন্য স্বতন্ত্র বাটন
- ড. মুহাম্মদ শহীদুল্লাহ থেকে অদ্যাবধি সব শিক্ষকের পরিচিতি ও প্রকাশনার লিঙ্ক
- প্রধান ও গুরুত্বপূর্ণ লেখার জন্য ই-লাইব্রেরি
- বাংলা বিভাগের ইতিহাস রচনার প্রক্রিয়া সম্পন্ন করা
- বিভাগে বাংলা ভাষা ও সাহিত্যের যুগোপযোগী গবেষণার ক্ষেত্রে বৃত্তি দেওয়া ও এর গুণ-মান যাচাইয়ে নীতিমালা প্রণয়ন করা এবং বিশেষজ্ঞদের ইতিবাচক সুপারিশে তা মুদ্রণের দায়িত্ব নেওয়া

বর্তমান শিক্ষার্থী-

- ব্যতিক্রমী এক্টিভিটিজের জন্য প্রেরণা পুরস্কার প্রদান
- পড়াশোনার পর কর্মসংস্থানের সুযোগে সহায়তা
- চিকিৎসা সুবিধা
- বিতর্ক ও সাংস্কৃতিক কর্মে যুক্ত রাখা
- বিশ্ববিদ্যালয় পর্যায়ে সাফল্যের জন্য আকর্ষণীয় ও স্মৃতিসূচক পুরস্কার প্রদান
- আন্তঃবিশ্ববিদ্যালয় অ্যালামনাইয়ের যোগাযোগ-সূত্র অনুসন্ধান ও বন্দোবস্ত করা
- সৃষ্টিশীল ও মননশীল বিষয়ে শিক্ষার্থীদের আগ্রহী করে তোলা

সাংগঠনিক সমৃদ্ধি-

- বছরে দুটো সেমিনার আয়োজন করা (জাতীয় মানের প্রবন্ধ উপস্থাপন)
- কর্মশালা আয়োজন
- প্রকাশনা
- ক্ল্যাসিক্যাল ঘরানার সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন
- বিভাগীয় কমিটিগুলোর মধ্যে আন্তঃসম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ কর্মপ্রণালীর ব্যবস্থা নেওয়া
- সমস্ত প্রক্রিয়া ডিজিটালাইজ করা
- আন্তঃবিভাগ শিক্ষার্থী কার্যক্রমের আওতায় এক্সট্রা-কারিকুলাম এক্টিভিটিজ বাড়ানো
- অফিসের বন্দোবস্ত করা এবং অফিস ব্যবস্থাপনার নীতিমালা প্রণয়ন করে অফিসকে আন্তঃযোগাযোগের কেন্দ্র করে তোলা।
- অ্যালামনাসদের অঞ্চলভিত্তিক শিল্পসাহিত্যচর্চার পথ সুগম করা
- দাপ্তরিক ন্যায্যতা ও স্বচ্ছতা সৃষ্টি করা
- গঠনতন্ত্র অনুযায়ী অডিটের ব্যবস্থা করা
- দেশের বাইরে প্রবাসীদের মাধ্যমে তহবিল সমৃদ্ধকরণে পদক্ষেপ নেওয়া

**সিদ্ধান্তঃ** বাংলা বিভাগের জন্য সম্পৃক্ত বিষয়গুলো বাংলা বিভাগের শিক্ষক ও অ্যালামনাই সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে। উপস্থাপিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সম্ভাব্যতা যাচাইপূর্বক স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী হিসেবে চিহ্নিত করে সামর্থ্য অনুযায়ী বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে।

## ৮। বাংলা বিভাগ অ্যালামনাই আইডি কার্ডের সুবিধা ও ব্যবহার বিষয়ক আলোচনা

**সিদ্ধান্তঃ** বাংলা বিভাগ অ্যালামনাই আইডি কার্ডের মাধ্যমে সদস্যদের কীভাবে সুযোগ-সুবিধা দেওয়া যায় সে ব্যাপারে আলোচনা শেষে কিছু সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল কোম্পানি বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সদস্যদের আইডি কার্ড প্রদর্শনপূর্বক বিশেষ ছাড় দেবে তাদের সাথে অনতিবিলম্বে চুক্তি সম্পাদন করতে সভাপতি ও সাধারণ সম্পাদক উদ্যোগ গ্রহণ করবেন। চুক্তি সম্পাদন হলে সকল সদস্যকে অবহিত করতে হবে। যেসকল সদস্য আইডি কার্ড সংগ্রহ করেনি তাদের তালিকা প্রণয়ন করে আইডি কার্ড ও সদস্য পরিচিতি বই ২৫০/- শুভেচ্ছা মূল্য জমা নিয়ে বিভাগভিত্তিক দায়িত্ব প্রদান করে সদস্যদের কাছে পৌঁছে দেওয়ার এবং কোনও সদস্য আইডি কার্ড হারিয়ে ফেললে ২০০/- অ্যালামনাইয়ের ব্যয়যোগ্য একাউন্টে জমা দিয়ে আইসিটি সম্পাদককে অবহিত করে **১** মাসের মধ্যে নতুন আইডি কার্ড প্রাপ্তির সিদ্ধান্ত হয়।

**৯। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সকল তথ্য প্রাপ্তির ক্ষেত্রে ওয়েবসাইট, বাংলা বিভাগ অ্যালামনাই ফেসবুক পেইজ, ফেসবুক গ্রুপ, হোয়াটসঅ্যাপ গ্রুপ ও বিভিন্ন সোশ্যাল মিডিয়া ব্যবহারের গুরুত্ব সম্পর্কে আলোচনা**

**সিদ্ধান্তঃ** বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সকল তথ্য বাংলা বিভাগ অ্যালামনাই ওয়েবসাইট, ফেসবুক পেইজ, ফেসবুক গ্রুপ, হোয়াটসঅ্যাপ গ্রুপে দেওয়ার সিদ্ধান্ত হয়। বাংলা বিভাগ অ্যালামনাই ওয়েবসাইট bangladeptalumniru.org এর পরিবর্তে সংক্ষিপ্ত নাম করা যায় কিনা সে ব্যাপারে উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত হয়। বাংলা বিভাগ অ্যালামনাই ফেসবুক পেইজ আরও প্রফেশনালি পরিচালনার জন্য মুহাম্মদ রবীউল আলমকে আহ্বায়ক করে ৫ সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটির অন্যান্য সদস্যগণ হলেন- সাঈদ কাজল, মোহাম্মদ মাহবুব আলম, মো. ইকবাল হোসেন ও মো. আলমাছ উদ্দিন। এয়াড়া বাংলা বিভাগ অ্যালামনাই ফেসবুক পেইজ ভেরিফাইড পেইজ করা যায় কিনা সে বিষয়ে পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত হয়।

**১০। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সদস্যদের ভালো কাজের স্বীকৃতি হিসেবে অভিনন্দনপত্র প্রদান ও অ্যালামনাইয়ের কোনো সদস্য মৃতবরণ করলে তার পরিবারকে শোকবার্তা প্রেরণ সংক্রান্ত আলোচনা**

**সিদ্ধান্তঃ** বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সদস্যদের ভালো কাজের স্বীকৃতি হিসেবে অভিনন্দনপত্র প্রদান ও অ্যালামনাইয়ের কোনো সদস্য মৃতবরণ করলে তার পরিবারকে শোকবার্তা প্রেরণের সিদ্ধান্ত হয় এ বিষয়ে আরও নীতিমালা প্রণয়নের জন্য ঢাকা বিভাগীয় কমিটির সভাপতি অ্যাডভোকেট এলিনা খানকে আহ্বায়ক, রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগীয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে সদস্য এবং ঢাকা বিভাগের সাধারণ সম্পাদককে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়। এই কমিটিকে আগামী ২ মাসের মধ্যে ভালো কাজের ধরণ/সংজ্ঞা নির্ধারণ পূর্বক অভিনন্দনপত্র প্রদানের একটি নীতিমালা প্রণয়নের জন্য দায়িত্ব প্রদান করা হয়।

**১১। বাংলা বিভাগ অ্যালামনাই: প্রাতিষ্ঠানিকতার চালচিত্র শীর্ষক সেমিনার আয়োজন সংক্রান্ত আলোচনা**

**সিদ্ধান্তঃ** বাংলা বিভাগ অ্যালামনাই: প্রাতিষ্ঠানিকতার চালচিত্র শীর্ষক সেমিনার আয়োজনের সিদ্ধান্ত হয়। সেমিনার আয়োজনের জন্য প্রফেসর ড. মো. মানিকুল ইসলামকে আহ্বায়ক, ড. মো. আব্দুল ওহাব ও ড. মো. ফজলুল হক তুহিনকে সদস্য করে ৩ সদস্যের কমিটি গঠিত হয়। এই কমিটি অনতিবিলম্বে সেমিনার আয়োজনের জন্য সেমিনারের মূল নিবন্ধের কাজ সম্পন্ন করবে। পরে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সেমিনারের তারিখ নির্ধারণ করা হবে।

**১২। বাংলা বিভাগ থেকে সদ্য স্নাতক উত্তীর্ণ শিক্ষার্থীদের বাংলা বিভাগ অ্যালামনাইয়ের পক্ষ থেকে অভিনন্দন ও অ্যালামসাইয়ের সদস্য হবার জন্য পত্র প্রদান সংক্রান্ত আলোচনা**

**সিদ্ধান্তঃ** বাংলা বিভাগ থেকে সদ্য স্নাতক উত্তীর্ণ শিক্ষার্থীদের বাংলা বিভাগ অ্যালামনাইয়ের পক্ষ থেকে অভিনন্দন ও অ্যালামসাইয়ের সদস্য হবার জন্য পত্র প্রদানের এবং তাদের যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর সংগ্রহ ও সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**১৩। বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিলের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা**

বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিলের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সদস্যগণকে অবহিত করা হয় এবং একই দিনে (৩০ জানুয়ারি ২০২৬) বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল-বাবিক-এর পরিচালনা পর্ষদ ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত মিটিংয়ের কথা সবাইকে অবহিত করা হয়।

সভায় আর কোনো গুরুত্বপূর্ণ আলোচনা না থাকায় নব-নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক সদস্যদের সম্মানে আয়োজিত নৈশভোজে সকলকে অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়ে সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভাপতি সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**